

ঢাকা ওয়াসা

বিষয়ঃ Supply & installation of computer accessories and related others for office use of SKWP কাজের অস্থায়ী অগ্রীম অনুমোদন প্রসঙ্গে।

১। সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টে ২ টি আয়রন রিসুভাল প্লান্ট, ৪৫ টি গভীর নলকূপ (১টি নলকূপের কাজ অসমাপ্ত রয়েছে) ও ২ টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপ-কেন্দ্রসহ অন্যান্য স্থাপনা সমূহ পরিচালনা ও পর্যবেক্ষণ করার জন্য আধুনিক অটোমোটেড স্ক্যাডা সিস্টেম রয়েছে। প্লান্টের পানি উৎপাদন লক্ষ্যমাত্রা দৈনিক ১৫ কোটি লিটার। দৈনিক সকল গভীর নলকূপ হতে ২৬ কি.মি. পাইপ লাইনের মাধ্যমে অপরিশোধিত পানি সংগ্রহ করে পরিশোধন করা হয়। পরিশোধন শেষে আয়রন রিসুভাল প্লান্ট-১ এর Over Ground Reservoir (OGR) হতে বুস্টারিং করে ১২০০ মিঃমিঃ ব্যাসের পাইপ দিয়ে ভাকুর্ভা, মোগড়াকান্দা, আমিনবাজার, গাবতলী হয়ে মীরপুর (মডস জোন-৪, মডস জোন-১০) এলাকায় দৈনিক প্রায় ১৫ (পনেরো) কোটি লিটার সুপেয় পানি সরবরাহ করা হয়।

২। উল্লেখ্য, সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টের দৈনন্দিন কার্য পরিচালনায় ব্যবহৃত দুইটি প্রিন্টারের সার্ভিসিং ও একটি ডেস্কটপ কম্পিউটারের মেরামত করা প্রয়োজন। এছাড়াও একটি রাউটার, কি-বোর্ড ক্রয় করে প্রতিস্থাপন জরুরী। সেলফো, বাজার দর সংগ্রহ করার লক্ষ্যে বিভিন্ন সরবরাহকারী প্রতিষ্ঠান হতে মেরামত কাজের দর সংগ্রহ করা হয়েছে (সংশ্লিষ্ট-১)। প্রাপ্ত সর্বনিম্ন দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হল (সংশ্লিষ্ট-২)। প্রণীত প্রাক্কলনে মোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে ৳.২৪,৭৫০.০০ (টাকা চব্বিশ হাজার সাতশত পঞ্চাশ) টাকা মাত্র। কাজটির ব্যয় অত্র বিভাগের ২০২৫-২০২৬ ইং অর্থ বছরের বাজেট বরাদ্দের “পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম)” খাত হতে নির্বাহ করা হবে (সংশ্লিষ্ট-৩)। যাহা অনুমোদিত ক্রয়-পরিকল্পনায় ক্রমিক নং-১৭৭ হিসাবে অন্তর্ভুক্ত (সংশ্লিষ্ট-৪)। কাজটি পিপিআর/২০০৮ এর বিধি ৮১ (১) অনুসরণ করে বিল ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।


৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১ এর বর্ণনার আলোকে Supply & installation of computer accessories and related others for office use of SKWP কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

ক) বর্ণিত কাজের জন্য সর্বমোট ৳.২৪,৭৫০.০০ (টাকা চব্বিশ হাজার সাতশত পঞ্চাশ) টাকার প্রাক্কলন অনুমোদন।


খ) পিপিআর/২০০৮-এর বিধি ৮১(১) মোতাবেক কাজটি অস্থায়ী অগ্রীম হিসাবে বাস্তবায়নের সদয় অনুমোদন এবং


গ) আলোচ্য কাজের ব্যয়ভার ২০২৫-২৬ ইং অর্থ বছরের বাজেট বরাদ্দের “পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম)” খাত হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।


উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।


২০/৯/২৫
মোঃ রেজাউল করিম
উপ-সহকারী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা।


২০/৯/২৫
সুদীপ্ত কুমার ঘোষ
সহকারী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট-১, কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা।


২০/৯/২৫
মোঃ নাফিজ ইমতিয়াজ
নির্বাহী প্রকৌশলী


২০/৯/২৫
মিজা গোলাম কিবরিয়া
উপসহকারী প্রকৌশলী
পানি ও পয়ঃশোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।


২০/৯/২৫
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।